

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭২৫

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৪

ভারত স্কাউটস এন্ড গাইডস তহবিলে অর্থ দান মুখ্যমন্ত্রীর



ভারত স্কাউটস এন্ড গাইডস'র ৭৫তম প্রতিষ্ঠা দিবস উদযাপন ও ফ্ল্যাগ ডে উপলক্ষে আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা:) মানিক সাহাকে স্কাউটস এন্ড গাইডস'র ত্রিপুরা শাখার সদস্যরা ভারত স্কাউটস এন্ড গাইডস'র স্কার্ভ, ওয়াগল এবং ফ্ল্যাগ পরিবেশ দেন। মুখ্যমন্ত্রী ভারত স্কাউটস এন্ড গাইডস তহবিলে অর্থ দান করেন। ভারত স্কাউটস এন্ড গাইডস যে লক্ষ্য নিয়ে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে, মুখ্যমন্ত্রী তার প্রশংসা করেন। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ভারত স্কাউটস এন্ড গাইডস'র আধিকারিক রমেন্দ্র রিয়াং, স্কাউটস এন্ড গাইডস'র স্টেট সেক্রেটারি লিটন শীল, স্টেট অর্গানাইজিং কমিশনার গাইড সীমা মজুমদার এবং ভলান্টিয়ার রিয়া পাল উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*